স্নাতক মেজর পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ৬ কোর্স: MJBENG 14

প্রশ্নের মান ডানদিকে উল্লিখিত

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। ৯ এবং ১০ নম্বর প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৮০

একক – ১

১। *চোখের বালি* উপন্যাসে আশা এবং বিহারীর সম্পর্কের বিবর্তন বিষয়ে আলোচনা করো। ১৫

২। 'হৃদয়ের সম্পর্ক সম্বন্ধে মহেন্দ্রের উচিত-অনুচিতের আদর্শ সাধারণের অপেক্ষা কিছু কড়া।' – *চোখের বালি* উপন্যাসে মহেন্দ্র চরিত্র বিশ্লেষণে এই উক্তির গুরুত্ব সম্পর্কে বিস্তারে আলোচনা করো। ১৫

একক – ২

৩। 'ঘরের চতুঃসীমানায় যে ব্যবস্থাটুকুর মধ্যে বিমলের জীবন বাসা বেঁধে বসে ছিল, ঘরের বাইরে এসে হঠাৎ সে ব্যবস্থায় কুলোচ্ছে না।' – রবীন্দ্রনাথের *ঘরে-বাইরে* উপন্যাসের চরিত্র বিমলার সংকট নিখিলেশের এই মন্তব্যের সূত্র অনুসরণ করে উন্মোচন করা যায় কি না, তা আলোচনা করো। ১৫

৪। 'দেশভাবনা'-র প্রশ্নে *ঘরে-বাইরে* উপন্যাসের নিখিলেশের স্বকীয়তার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

একক – ৩

৫। 'শাস্তি' গল্পে চন্দরার ফাঁসির পথ বেছে নেওয়া ছাড়া আর উপায় ছিল না। তুমি কি এই মত গ্রহণযোগ্য মনে করো? আলোচনা করো। ১৫

৬। মনস্তাত্ত্বিক গল্পকে অতিপ্রাকৃত গল্পের রূপ দেওয়ার উদাহরণ 'নিশীথে' গল্পটি। আলোচনা করো। ১৫

একক – ৪

৭। 'ভুল স্বর্গ' রচনাটির মধ্যে রবীন্দ্রনাথের যে দর্শন লুকিয়ে রয়েছে তা বিশ্লেষণ করো। ১৫

৮। 'পুনরাবৃত্তি' আর 'বিদূষক' রচনা দুটির মধ্যে যুদ্ধের অনুষঙ্গ রবীন্দ্রনাথ কীভাবে ব্যবহার করেছেন আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি) ৫x২ = ১০

ক) *চোখের বালি* উপন্যাসে খাঁচার মধ্যে পাখির মৃত্যু

খ) নিখিলেশের ভাবনায় 'পৌরুষ'-এর বিকল্প প্রতিমান।

গ) উলাপুর

ঘ) *লিপিকার* কাব্যমূল্য

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি) ২x৫ = ১০

ক) *চোখের বালি* কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? সেই পত্রিকার সম্পাদকের নাম লেখো।

খ) *চোখের বালি* উপন্যাসে মহেন্দ্র মেসে থাকাকালীন কটি চিঠি পেয়েছিল এবং কটির উত্তর লিখে পাঠিয়েছিল?

গ *ঘরে-বাইরে* উপন্যাস বাংলা কোন সালের কোন মাস থেকে কোন মাস পর্যন্ত *সবুজ পত্র* পত্রিকায় ধারাবাহিক প্রকাশিত হয়?

ঘ) *ঘরে-বাইরে* উপন্যাসে বিমলা আর নিখিলেশের ক'টি করে 'আত্মকথা' আছে?

ঙ) পোস্টমাস্টার গল্পে ও সত্যজিৎ রায়ের সিনেমায় পোস্টমাস্টারের নাম কী কী?

চ) 'সুভা' গল্পে মানুষ্যেতর দুটি প্রাণীর নাম লেখো।

ছ) 'তোতাকাহিনী' গল্পে পাখিটির পেট টিপে কী কী আওয়াজ পাওয়া গিয়েছিল?

জ) দুয়োরানীকে দেখে সুয়োরানীর সাধ যে-যে তিথি উপলক্ষে প্রকাশিত হয়েছে, তার মধ্যে যে-কোনো দুটির উল্লেখ করো।

স্নাতক মেজর পরীক্ষা ২০২৬

মেজর বাংলা ( NEP)

সেমেস্টার :৬ কোর্স : MJBENG 15

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ নম্বর প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৮০

একক- ১

১। 'ছবি' ও 'কৃতজ্ঞ' কবিতা দুটি অবলম্বনে রবীন্দ্রনাথের স্মৃতি ও বিস্মৃতির তত্ত্বটি বুঝিয়ে দাও। ১৫

২। কবিতার আঙ্গিকের দিক থেকে *নৈবেদ্য* কাব্যগ্রন্থের 'প্রার্থনা' কবিতাটি নানাদিক থেকে গুরুত্বপূর্ণ। আলোচনা করো। ১৫

একক -২

৩। 'যেতে নাহি দেব' কবিতায় রবীন্দ্রনাথের মৃত্যুভাবনা কীভাবে ফুটে উঠেছে বিশ্লেষণ করো। ১৫

৪। পৃথিবীর সঙ্গে একাত্মতা বোধ করবার একটি উল্লেখযোগ্য উদাহরণ 'বসুন্ধরা' কবিতা। বিশ্লেষণ করো। ১৫

একক -৩

৫। *রক্তকরবী* নাটক অনুসারে যক্ষপুরীর বিবরণ দাও। নগরের এই বস্তুগত বিবরণের সঙ্গে ক্ষমতাতন্ত্রের যোগ কীভাবে প্রতিষ্ঠা করা যায় লেখো। ১৫

৬। নন্দিনী আর বিশুর সম্পর্কটি কীভাবে সময়ের সঙ্গে পরিবর্তিত হল তা লেখো। ১৫

একক- ৪

৭। *বিসর্জন* নাটকের রঘুপতি চরিত্রটি ধর্মান্ধ পুরোহিত না ট্রাজিক চরিত্র। বিশ্লেষণ করে দেখাও। ১৫

৮। *বিসর্জন* নাটকের প্রেম ও প্রতাপের দ্বন্দ্ব কীভাবে রূপ পেয়েছে আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো ( যে কোনো দুটি) ২× ৫=১০

ক) *গীতাঞ্জলির* প্রতিসৃষ্টি ,খ) 'পরশপাথর', গ) *রক্তকরবী* নাটকে 'বাসা' ও 'বাড়ি'র তাৎপর্য , ঘ)গুণবতী

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে কোনো পাঁচটি) ৫×২=১০

ক) ভ্রষ্টলগ্নের প্রসঙ্গ আছে এরকম দুটি গানের উল্লেখ করো।

খ) *সঞ্চয়িতার* প্রথম সংস্করণে প্রথম ও শেষ কবিতার নাম লেখো।

গ) জীবনদেবতার আভাস আছে *সোনার তরীর* এমন দুটি কবিতার নাম লেখো।

ঘ) *সোনার তরীর* আগে ও পরের রবীন্দ্রকাব্যের নাম লেখো।

ঙ) গোকুল ও ফাগুলালের জীবিকা কী?

চ) নন্দিনীর পাড়ার নাম কী? সেখানে কোন নদী আছে?

ছ) *বিসর্জন* নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত এবং কাকে উৎসর্গ করা?

জ) "মন্ত্রীত্বের পদে/ পদাঘাত করি আমি" --- কে কার প্রতি এই উক্তি করেছেন?

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ৬ কোর্স : MJBENG16

নির্বাচিত বাংলা প্রবন্ধ

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

**একক – ১**

১। 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ কাদের উপেক্ষিতা বলেছেন? প্রাবন্ধিকের এই অভিমত কতখানি গ্রহণযোগ্য তা যুক্তিসহ আলোচনা করো। ২+১৩=১৫

২। রবীন্দ্রনাথের *লোকসাহিত্য* গ্রন্থের 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধে ছেলেভুলানো ছড়ার যে বৈশিষ্ট্যগুলি উল্লিখিত হয়েছে তা উদাহরণসহ আলোচনা করো। ১৫

**একক - ২**

৩। নেশনের অপরিহার্য উপাদান কোনগুলি? এই উপাদানগুলি সম্পর্কে রবীন্দ্রনাথের মতামত উল্লেখ করে তাঁর নেশনের স্বরূপ বিশ্লেষণ করো। ৫+১০=১৫

৪। 'ছাত্রদের প্রতি সম্ভাষণ' রচনায় উল্লিখিত ঔপনিবেশিক শিক্ষার খামতির দিকগুলি উল্লেখ করো। এই সূত্রে রবীন্দ্রনাথ ছাত্রদের যে পরামর্শ দিয়েছিলেন তা আলোচনা করো। ৫+১০=১৫

**একক - ৩**

৫। সৌন্দর্য ও মঙ্গলের মধ্যে যে মিল আছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। সৌন্দর্য উপলব্ধির ক্ষেত্রে রবীন্দ্রনাথ চোখের দৃষ্টির সঙ্গে মনের দৃষ্টির যে যোগের কথা বলেছেন এই বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০+৫=১৫

৬। 'বঙ্কিম সাহিত্যে কর্মযোগী ছিলেন'। 'নবীন বঙ্গসাহিত্যের মধ্যে সকল বিষয়েরই আদর্শ স্থাপন করিয়া যাওয়া তাঁহার উদ্দেশ্য ছিল।' পাঠ্য প্রবন্ধ অবলম্বনে প্রসঙ্গ দুটি উদাহরণসহ আলোচনা করো। ১০+৫=১৫

**একক - ৪**

৭। হিমালয় যাত্রার আগে ও পরে কিশোর রবীন্দ্রনাথের ব্যক্তিত্ব কীভাবে পরিবর্তিত হয়ে গেল তা আলোচনা করো। ১৫

৮। মৃত্যুশোকের অভিজ্ঞতা সৃষ্টিশীল রবীন্দ্রনাথকে গড়ে তুলেছে। এই অভিমত কতখানি গ্রহণযোগ্য তা যুক্তিসহ আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫= ১০

(ক) *পঞ্চভূত*-এর 'পরিচয়'।

(খ) সোভিয়েত শিক্ষানীতি

(গ) 'সাহিত্যের বিষয় মানবহৃদয় ও মানবচরিত্র।'

(ঘ) শাহীবাগ প্রাসাদ

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো **পাঁচটি**): ৫x২=১০

(ক) 'ছেলেভুলানো ছড়া ২' প্রবন্ধটি কোন পত্রিকায় কোন সংখ্যায় প্রকাশিত হয়?

(খ) *পঞ্চভূত* প্রবন্ধ গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় এবং কবে প্রথম প্রকাশিত হয়?

(গ) সোভিয়েত ভ্রমণে রবীন্দ্রনাথের দুজন সঙ্গীর নাম লেখো।

(ঘ) *রাশিয়ার চিঠি* গ্রন্থের প্রথম দুটি চিঠির প্রাপকের নাম লেখো।

(ঙ) 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধটি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?

(চ) 'আধুনিক কবি বলিয়াছেন: Truth is beauty...' —এখানে কোন আধুনিক কবির কথা বলা হয়েছে? অংশটি তাঁর কোন কাব্যের অন্তর্গত?

(ছ) *জীবনস্মৃতি* কোন পত্রিকায় কার সম্পাদনায় প্রকাশিত হয়?

(জ) *সন্ধ্যাসংগীত* ও *প্রভাতসংগীত*-এর কবিতাগুলি মোহিতচন্দ্র সেন কী নামে অভিহিত করেছিলেন?

---------

Four Year Undergraduate Examination 2026 (NEP)

Sem–VI (Minor Bengali)

Course: MNBENG03B

**লোকসাহিত্য ও লোকসংস্কৃতি**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৮০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে

**একক – ১**

১। লোকসাহিত্যের সংজ্ঞা, স্বরূপ ও শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণি সম্পর্কে আলোচনা করো। ১+৩+১+১০=১৫

২। টাইপ ও মোটিফ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো ৮+৭=১৫

**একক – ২**

৩। ছড়ার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে ছেলেভুলানো ছড়া সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত ব্যক্ত করো। ১+৪+১০=১৫

৪। লোককথার সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ উল্লেখ করে বাংলা উপকথায় যে নীতিকথা প্রকাশিত হয়েছে তা একটি গল্প অবলম্বনে আলোচনা করো। ১+২+২+১০=১৫

**একক – ৩**

৫। ধাঁধার সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণি সম্পর্কে আলোকপাত করো ১+৩+১+১০=১৫

৬। প্রবাদের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে প্রবাদে মানবজীবন কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ১+৪+১০=১৫

**একক – ৪**

৭। বাংলা গীতিকার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে পাঠ্য গীতিকা অবলম্বনে তৎকালীন সমাজ জীবনের পরিচয় দাও। ২+৩+১০=১৫

৮। 'মহুয়া' পালায় প্রেম-মনস্তত্ত্বের যে প্রকাশ ঘটেছে তা আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **চারটি**): ৪X৫=২০

(ক) মানসিক বিশ্বাস ও সংস্কার

(খ) লোকশিল্প

(গ) ব্রতকথা

(ঘ) লোকছড়া

(ঙ) ধাঁধা ও প্রবাদের তুলনা

(চ) বাংলা প্রবাদে লোকশিক্ষা

(ছ) ব্যালাড ও গীতিকা

(জ) দীনেশচন্দ্র সেন